



## যুদ্ধবিরতির মাঝেই লেবাননে ইসরাইলি হামলায় নিহত ৬



ছবি: সংগৃহীত

যুদ্ধবিরতির সময় বাড়ানোর ঘোষণার পরদিনই দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় প্রাণহানির ঘটনা ঘটেছে। শুক্রবার (২৪ এপ্রিল) চালানো এই হামলায় অন্তত ছয়জন নিহত এবং আরও দুজন আহত হয়েছেন। আন্তর্জাতিক গণমাধ্যম আল আরাবিয়া এ তথ্য জানিয়েছে।

লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাতে জানা গেছে, ওয়াদি আল-হুজাইরে দুজন, টোলিনে দুজন এবং শ্রিফা ও ইয়াতের এলাকায় একজন করে নিহত হন। বিভিন্ন স্থানে পৃথকভাবে এসব হামলা চালানো হয় বলে জানানো হয়েছে।

এদিকে, লেবাননে মোতামেন জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী (ইউএনআইএফআইএল) জানিয়েছে, গত ২৯ মার্চ তাদের একটি ঘাঁটিতে হামলায় আহত এক ইন্দোনেশীয় শান্তিরক্ষী চিকিৎসাবীন অবস্থায় শুক্রবার মারা গেছেন। প্রাথমিক তদন্তে ধারণা করা হচ্ছে, ওই হামলায় ইসরাইলি ট্যাংকের গোলা ব্যবহার করা হয়েছিল।

অন্যদিকে, ইসরাইলি সেনাবাহিনীর দাবি, দক্ষিণ লেবাননের বিস্তৃত জবেইল এলাকায় অভিযানে তারা ছয়জন হিজবুল্লাহ যোদ্ধাকে হত্যা করেছে। তবে স্বাস্থ্য মন্ত্রণালয়ের দেওয়া নিহতদের তথ্যের সঙ্গে এই দাবির সরাসরি সম্পর্ক রয়েছে কিনা, তা এখনও নিশ্চিত নয়।

উল্লেখ্য, গত ২ মার্চ থেকে চলমান সংঘাতে এ পর্যন্ত লেবাননে মোট ২ হাজার ৪৯১ জনের প্রাণহানির খবর পাওয়া গেছে।